## উপজেলা পরিষদ, বাগেরহাট সদর, বাগেরহাট এর এপ্রিল-২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভার তারিখ ও সময়: ৩০ এপ্রিল ২০২৫ খ্রি:, সকাল ১১.০০ টা
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, বাগেরহাট সদর।
সভাপতি : এস.এম.মুস্তাফিজুর রহমান
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
বাগেরহাট সদর, বাগেরহাট।

সভায় উপস্থিত/ অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট 'ক'।

সভার শুরুতে উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, স্থানীয় সরকার বিভাগ উপজেলা-১ শাখার ১৮/০৮/২০২৪ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০১৮.০০১.২৪-৪৯৮ নং প্রজ্ঞাপন মোতাবেক উপজেলা পরিষদ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ এর ধারা ১৩ (ঘ) প্রয়োগ করে বাগেরহাট সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান-কে স্বীয় পদ থেকে অপসারণ করা হয় এবং স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার গত ১৮ আগস্ট ২০২৪ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০১৮.০০১.২৪-৪৯৯ নং প্রজ্ঞাপন মোতাবেক উপজেলা পরিষদ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ এর ধারা ১৩ ঙ এর উপধারা (১) প্রয়োগ করে বাগেরহাট সদর উপজেলা নির্বাহী অফিসার-কে পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত অতিরিক্ত দায়িত্ব হিসাবে বাগেরহাট সদর উপজেলা পরিষদের প্রশাসক পদে নিয়োগ প্রদান করা হয়। প্রজ্ঞাপন অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদের প্রশাসনিক দায়িত্ব পালন এবং উপজেলা পরিষদের সকল আর্থিক ক্ষমতা প্রয়োগ করবেন।

অতঃপর সভায় নিম্নোক্ত ক্রমানুযায়ী আলোচনা ও তার পরিপ্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

<table>
<tr><th>ক্র</th><th>আলোচ্যসূচি</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>১</td><td>গত সভার কার্যবিবরণী অনুমোদন</td><td>বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন পরিবর্তন, পরিমার্জন ও সংশোধনী প্রস্তাব আছে কিনা জানতে চাওয়া হলে উপস্থিত সদস্যগণ না সূচক অভিমত ব্যক্ত করেন।</td><td>বিগত ২৫/০৩/২০২৫ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।</td><td>সংশ্লিষ্ট সকল</td></tr>
<tr><td>২</td><td>উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিভিন্ন ব্যয় ও প্রকল্প গ্রহণ</td><td colspan="3">
২.১ উপজেলা নির্বাহী অফিসার জনাব এস.এম.মুস্তাফিজুর রহমান সভায় বলেন যে, ১) উপজেলা পরিষদের জন্য ১টি কম্পিউটার, ১টি প্রিন্টার ও ১টি স্ক্যানার ক্রয় করা খুবই জরুরি, ২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়টি পল্লী বিদ্যুতের আওতাধীন হওয়া প্রায়ই অফিস সময়ে লোড শেডিং থাকে। তাছাড়া ঝড় বর্ষা শুরু হলে বিদ্যুৎ থাকে না। ফলে অফিস পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হয়। সে কারণে উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে সোলার আইপিএস লাগানো জরুরি। এছাড়া উপজেলা পরিষদের অভ্যন্তরে ও উপজলোর বিভিন্ন জায়গায় সোলার স্ট্রীট লাইট স্থাপন করা প্রয়োজন এবং উপজেলা পরিষদের অভ্যন্তরে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন করা জরুরি। বর্ণিত প্রকল্প ৩টির জন্য উপজেলা প্রকৌশলী-কে প্রাক্কলন প্রস্তুত করতে বলা হয়। সে প্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী নিম্নোক্ত প্রকল্প ৩টির প্রাক্কলন প্রস্তুত করেন।
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিত মূল্য</th><th>উৎস</th><th>বাস্তবায়ন পদ্ধতি</th></tr>
<tr><td>০১</td><td>অফিস সরঞ্জাম ক্রয়: কম্পিউটার, প্রিন্টার ও স্ক্যানার ক্রয়</td><td>১.৫০,১৭০/-</td><td>উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ৩(চ)</td><td>আরএফকিউ</td></tr>
<tr><td>০২</td><td>সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন: উপজেলা পরিষদের অভ্যন্তরসহ উপজেলার বিভিন্ন জায়গায় সোলার স্ট্রীট লাইট স্থাপন</td><td>৪,৭৫,০০০/-</td><td>উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ৩(দ)</td><td>আরএফকিউ</td></tr>
<tr><td>০৩</td><td>ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয়: উপজেলা পরিষদের অভ্যন্তরে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন ও মনিটরিং করার জন্য মনিটর ক্রয়</td><td>২,৭৫,০০০/-</td><td>উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ৩(প)</td><td>আরএফকিউ</td></tr>
</table>
উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ১) ৩(চ) অনুচ্ছেদ অনুযায়ী উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে বছরে এখাতে সর্বোচ্চ ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা, ২) ৩(দ) অনুচ্ছেদ অনুযায়ী উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে বছরে এখাতে সর্বোচ্চ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা এবং ৩(প) অনুচ্ছেদ অনুযায়ী উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে বছরে এখাতে সর্বোচ্চ ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা ব্যয় করার সুযোগ রয়েছে।
সিদ্ধান্ত: সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপর্যুক্ত প্রকল্প ৩টি বাস্তবায়নের যৌক্তিক কারণ থাকায় প্রকল্পটি বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, বাগেরহাট সদর।
২.২ সভায় আলোচনা করা হয় যে, উপজেলা পরিষদের দাপ্তরিক কাজের সুবিধার্থে জরুরি ভিত্তিতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের উপজেলা প্রশাসনের/পরিষদের নামসহ বড় ও ছোট খাম এবং উপজেলার ঐতিহ্য চিত্র উল্লেখসহ স্যুভেনির হিসাবে মগ ও ব্যাগ ক্রয় করা হয়। উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের আসবাবপত্র মেরামত করা হয়। উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত রেস্ট হাউজে পানির লাইন সংস্কার করা হয়। এছাড়া উপজেলা নির্বাহী অফিসারের নিরাপত্তায় নিয়োজিত আনসারদের জন্য প্রয়োজনীয় সরঞ্জামাদি ক্রয় করা প্রয়োজন। বর্তমান সময়ে ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পাওয়ায় উপজেলা পরিষদ হতে বিভিন্ন স্থানে মশা কীটনাশক স্প্রে করার প্রস্তাব করা হয়।
</td></tr>
</table>

চলমান পাতা-২

২.৩ এছাড়াও সভায় নিম্নবর্ণিত ব্যয়সমূহ (সরাসরি ক্রয় পদ্ধতিতে) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে আলোচনা হয়।

উপর্যুক্ত আলোচনার প্রেক্ষিতে উপজেলা রাজস্ব তহবিল হতে নিম্নলিখিত খাতে জরুরি বিবেচনায় প্রযোজ্য ক্ষেত্রে সরাসরি ক্রয় পদ্ধতিতে বিধি মোতাবেক অর্থ ব্যয়ের প্রস্তাব উত্থাপিত হয়।

| ক্রমিক নং | প্রকল্পের নাম | পরিমাণ | উৎস |
|---|---|---|---|
| ০১ | নিরাপত্তা খাত (আনসার) : উপজেলা নির্বাহী অফিসারের নিরাপত্তায় নিয়োজিত আনসার ব্যারাকে বিবিধ খরচ | ১৫,০০০/- | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল-৩(ম) |
| ০২ | মশা নিধন: ডেঙ্গু মোকাবেলায় মশা নিধক স্প্রে ছিটানো | ১৫,০০০/- | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল -৩(ক) |
| ০৩ | আসবাবপত্র সংগ্রহ/ মেরামত: উপজেলা পরিষদের আসবাবপত্র মেরামত (আলমিরা, চেয়ার, টেবিল) | ৫০,৪০০/- | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল-৩(ছ) |
| ০৪ | পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত: উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত রেস্ট হাউজে পানির লাইন সংস্কার | ১৪,৯০০/- | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল-৩(ট) |
| ০৫ | প্রকাশনা: উপজেলা প্রশাসনের/পরিষদের নামসহ বড় ও ছোট খাম এবং উপজেলার ঐতিহ্য চিত্র উল্লেখসহ স্যুভেনির হিসাবে মগ ও ব্যাগ ক্রয় করা | ৫০,০০০/- | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল-৩(ব) |

সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ অনুসরণপূর্বক বর্ণিত ব্যয় সমূহের অনুমোদন সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সদর।

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | বিবিধ ১ | ৩.১। হাট-বাজার ইজারা সংক্রান্ত:<br>উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন যে, হাটবাজার ব্যবস্থাপনা নীতিমালা অনুযায়ী ১৪৩২ বাংলা সালে ইজারাযোগ্য ২২টি হাট-বাজারের মধ্যে ১ম ও ২য় দফায় ২২টি হাট-বাজারের ইজারা প্রদান করা হয়। মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে বাদীপক্ষের দায়েরকৃত রিট পিটিশন মামলা নং ৪৯৫৮/২০২৫ এর ১৮/০৩/২০২৫ খ্রি. তারিখের আদেশে যাত্রাপুর হাট ০৬(ছয়) মাসের জন্য নিষেধাজ্ঞার আদেশ হয়। যাত্রাপুর হাট বাদে বাকী ২১টি হাট-বাজারের মোট ইজারা মূল্য ১,৫০,০৮,৯৯৯/- (এক কোটি পঞ্চাশ লক্ষ আট হাজার নয়শত নিরানব্বই) টাকা। তিনি আরও বলেন যে, ইজারা বিজ্ঞপ্তির মূল্য বাবদ সংশ্লিষ্ট পত্রিকা অফিস থেকে দৈনিক দিনকাল ৪৯,৬৮০/- এবং সময়ের খবর ২২,৫৬২/-মোট ৭২,২৪২/- (বাহাত্তর হাজার দুইশত বাষট্টি) টাকার বিল দাখিল করা হয়েছে এবং ইজারা কার্যক্রম পরিচালনায় আনুষঙ্গিক বাবদ ১৮,৫০০/-(আঠারো হাজার পাঁচশত) টাকা ব্যয় হয়েছে। পত্রিকা এবং আনুষঙ্গিক ব্যয় বিধি মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধযোগ্য।<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৩.১) সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ইজারা গ্রহীতাগণের সাথে চুক্তি মোতাবেক সর্বশেষ অনুমোদিত টোল রেট হাট-বাজারের প্রকাশ্য স্থানে টানিয়ে রাখাসহ ইজারার অন্যান্য শর্ত সঠিকভাবে প্রতিপালন করে কিনা তা তদারকি করতে হবে<br>৩.২) ইজারা কার্যক্রমের অংশ হিসেবে পত্রিকার বিজ্ঞপ্তি বিল এবং আনুষঙ্গিক ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধ করতে হবে। | ৩.১ উপজেলা নির্বাহী অফিসার |
| | বিবিধ ২ | ৩.২। উপজেলা পরিষদের স্থায়ী কমিটি গঠন:<br>উপজেলা পরিষদ আইন ১৯৯৮ (পুনঃ প্রবর্তন আইন, ২০০৯ ও সংশোধিত আইন,) এর ২৯(১) ধারার বিধান অনুযায়ী পুর্বে গঠিত উপজেলা কমিটি সমুহ উপজেলা পরিষদ আইন, ২০১১ এর ধারা ২৯-উপধারা-৭ মোতাবেক ভাঙিয়া দিয়ে উপজেলা পরিষদ কমিটির কার্যক্রম পরিচালনার নির্দেশনা গাইড লাইন অনুসারে কমিটি গুলো পুনর্গঠন করা হলো। পরবর্তীতে এই কমিটির নিয়মানুসারে সভা আহ্বান করবে।<br>( কমিটি নতুন তালিকা: সংযুক্তি-০১) | ৩.২। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>পুর্বে গঠিত উপজেলা কমিটি সমুহ উপজেলা পরিষদ আইন, ২০১১ এর ধারা ২৯- উপধারা-৭ মোতাবেক ভাঙিয়া দিয়ে উপজেলা পরিষদ কমিটির কার্যক্রম পরিচালনার নির্দেশনা গাইড লাইন অনুসারে কমিটি গুলো পুনর্গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩.২ উপজেলা নির্বাহী অফিসার |
| | বিবিধ ৩ | ৩.৩। বাগেরহাট সদর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যানের অনুকূলে শিক্ষকতার পাশাপাশি উপজেলা পরিষদ থেকে বকেয়াসহ সম্মানী-ভাতাদি পরিশোধ:<br>বাগেরহাট সদর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান জনাব খান রেজাউল ইসলাম চেয়ারম্যানের পাশাপাশি শহীদ নায়েক আব্দুল জব্বার মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করেন। তিনি শিক্ষা প্রতিষ্ঠান থেকে বেতন-ভাতাদি গ্রহণ করলেও উপজেলা পরিষদ থেকে সম্মানী-ভাতা পাননি। উপজেলা পরিষদ থেকে সম্মানী ভাতা পাওয়ার জন্য তিনি মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নম্বর-৪৬১৯/২০২০(রিট পিটিশন নং-৬৪৫/২০২০) দায়ের করলে মাননীয় আদালত ২১ অক্টোবর ২০২০ তারিখে রায়/আদেশ প্রদান করেন। উক্ত রিট মামলার আদেশের বিরুদ্ধে সরকার পক্ষ সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নম্বর-১৪৯৯/২০২১ দায়ের করলে ০৫ | ৩.৩। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>মাননীয় হাইকোর্ট বিভাগ ও আপিল বিভাগের আদেশ অনুযায়ী বর্ণিত উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান খান রেজাউল ইসলাম-কে শিক্ষকতার পাশাপাশি পরিষদ থেকে সম্মানী ভাতাদি (বকেয়াসহ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের বিষয়ে আলোচনা হয়। তার বকেয়া বিল কত টাকা তা নির্ধারণপূর্বক উপস্থাপন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩.৩ প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |

চলমান পাতা-৩

CamScanner

9/26/24, 4:50 P

| | | | | |
|---|---|---|---|---|
| | | সেপ্টম্বর ২০২১ তারিখে শুনানী অন্তে মাননীয় আদালত নিম্নরূপ রায়/আদেশ প্রদান করেন:<br>"Considering the facts and circumstancesof the case, we find no legal infirmity in the impugned order factually and legally calling for interference by this Court.<br>Accordingly, we find no merit in this petition and the same in dismissed."<br>মাননীয় হাইকোর্ট বিভাগ ও আপিল বিভাগের আদেশ অনুযায়ী বর্ণিত উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান খান রেজাউল ইসলাম-কে শিক্ষকতার পাশাপাশি পরিষদ থেকে সম্মানী ভাতাদি (বকেয়াসহ) প্রদানের বিষয়ে আইন ও বিচার বিভাগ নিম্নরূপ মতামত প্রদান করে:<br>" মাননীয় হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নম্বর-৪৬১৯/২০২০ এর রায় এবং উক্ত রায় হতে উদ্ভূত সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নম্বর-১৪১৯/২০২১ এর ০৫/০৯/২০২১ তারিখের আদেশ অনুযায়ী বাগেরহাট সদর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ার্ম্যানকে উপজেলা পরিষদ থেকে সম্মানী ভাতা প্রদানের বিষয়ে প্রত্যাশী মন্ত্রণালয় এর আইনগত কোন বাধা নাই।"<br>এ বিষয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ (উপজেলা-১ শাখা) এর স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬. ২৭.১৮২.১৬-৭৯; তারিখ: ১৯ মার্চ ২০২৫ খ্রি. প্রাপ্ত পত্র ও মাননীয় হাইকোর্ট বিভাগ ও আপিল বিভাগের আদেশ অনুযায়ী জনাব খান রেজাউল ইসলাম উপজেলা পরিষদ থেকে বকেয়াসহ সম্মানী ভাতাদি প্রাপ্তির জন্য প্রশাসক, উপজেলা পরিষদ, বাগেরহাট সদর বরাবর আবেদন দাখিল করেছেন।<br>দাখিলকৃত আবেদন খানার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | | |
| | বিবিধ-৪ | ৩.৪ জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানে শহীদগণের নামে উপজেলায় একটি রাস্তার নামকরণের প্রস্তাব প্রেরণের জন্য জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট এর স্থানীয় সরকার শাখার ২৩/০৪/২০২৫ খ্রি. তারিখের ০৫.৪৪.০১০০.০১১.০৫৬.০০১.২৫.২৬৭ নং স্মারকে নির্দেশনা পাওয়া গেছে। সে মোতাবেক ১) বাগেরহাট সদর উপজেলাধীন গোটাপাড়া ইউনিয়নের সুইস গেট থেকে গোপালকাঠির দিকে যে রাস্তা গেছে ঐ রাস্তার নাম শহীদ মো: আলমগীর মোল্লা এর পরিবার থেকে শহীদ মো: আলমগীর মোল্লা এর নামে নামকরণের প্রস্তাব পাওয়া গেছে। ২) ডেমা ইউনিয়নের বাঁশবাড়িয়া পাকা রাস্তা থেকে শহীদ আলিফ আহমেদ সিয়াম এর বাড়ী অভিমুখে যে রাস্তা গেছে সেই রাস্তার নাম শহীদ আলিফ আহমেদ সিয়াম এর পরিবার থেকে বাঁশবাড়িয়া শহীদ আলিফ আহমেদ সিয়াম সড়ক নামকরণের জন্য প্রস্তাব পাওয়া গেছে।<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ৩.৪। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(১) বাগেরহাট সদর উপজেলাধীন গোটাপাড়া ইউনিয়নের সুইস গেট থেকে গোপালকাঠির দিকে যে রাস্তা গেছে ঐ রাস্তার নাম শহীদ মো: আলমগীর মোল্লা সড়ক নামে নামকরণ এবং (২) ডেমা ইউনিয়নের বাঁশবাড়িয়া পাকা রাস্তা থেকে শহীদ আলিফ আহমেদ সিয়াম এর বাড়ী অভিমুখে যে রাস্তা গেছে সেই রাস্তার নাম বাঁশবাড়িয়া শহীদ আলিফ আহমেদ সিয়াম সড়ক নামে নামকরণের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩.৪ উপজেলা নির্বাহী অফিসার |
| ৪ | দপ্তর ভিত্তিক আলোচনা | সভাপতি কোন দপ্তরের গুরুত্বপূর্ণ কোন আলোচনা থাকলে তা সভায় উপস্থাপনের অনুরোধ করেন।<br>৪.১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান |
| | | ৪.২। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। মার্চ/২৫ মাসের অগ্রগতি ১) স্থায়ী পদ্ধতি-০৬, কপার টি-১৫ ইনজেকশন-১২৩৫, ইমপ্লান্ট -৩৪, খাবার বড়ি (চক্র)-৯২৩২, কনডম (পিস)-১০,০৮২, ইসিপি-১২, মিসোপ্রোস্টল-১৬৬ ও .সি.এ.আর-৮১.৫১%। ২) মা ও শিশু স্বাস্থ্য: গর্ভবতীর সংখ্যা-১৩১৫, গর্ভবতী সেবা-৩৬২, বাড়ী/হাসপাতাল/ ক্লিনিক এ প্রসব সেবা-১৫৯, fwc-তে প্রসব সেবা-৫, মোট প্রসব সেবা-১৬৪, প্রসবোত্তর সেবা ২১৮, শিশু মৃত্যু-০, মাতৃ মৃত্যু-০, সাধারণ রোগি ৩৬২০। ৩) পদ্ধতি সমূহের অগ্রগতি: মোট দম্পতি-৪৮,৫৬৩ টি, বন্ধ্যাকরন (জন)-৫৪০৬, কপার টি (জন)- | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | (চক্র)-২০০৮১, কনডম (পিস)-৪৫৬৫, সি.এ.আর-৮১.৫১%। | | |
| | ৪.৩। উপজেলা কৃষি অফিসঃ<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | ৪.৪। উপজেলা মৎস্য অফিসঃ<br>উপজেলা সিনিঃ মৎস্য কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | ৪.৫। উপজেলা প্রানিসম্পদ অফিসঃ<br>উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কাজ চিকিৎসা সংক্রান্ত সে গুলো ভালোভাবে চলছে। গবাদি পশুর এলএজডি নামের একটি রোগ শুরু হয়েছে। যার ফলে গরু বাছুরের প্রচুর ক্ষতি হচ্ছে। এই রোগটির ভ্যাকসিন সরকারিভাবে তৈরী হয়নি। গত মাসে ডিএলআরআই নতুনভাবে ভ্যাকসিনটা তৈরী করেছে সরকারের কাছে তুলে দিবে। বেসরকারী ভাবে পাওয়া যাচ্ছে। ভ্যাকসিনের অভাবে প্রতি বছর অনেক গরু বাছুর মারা যাচ্ছে। | গরু বাছুর কে ভ্যাকসিন দেয়ার বিষয়ে ক্যাম্পেইন করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| | ৪.৬। উপজেলা প্রকৌশল অফিসঃ<br>উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। তিনি জানান যে, গত মাসে স্থানীয় সরকার বিভাগ থেকে রাজস্ব তহবিল থেকে উপজেলা পরিষদের ৪টি প্রকল্পের অনুমোদন পাওয়া গেছে। প্রকল্প ৪টি হলো ১) উপজেলা পরিষদের কনফারেন্স রুমের জন্য আসবাবপত্র সরবরাহ, শীতাতপনিয়ন্ত্রণ যন্ত্র স্থাপন, সাউন্ড সিস্টেম সংযোজন, ডিজিটাল ব্যানার বোর্ড স্থাপন ও সজ্জাকরন বাবদ ২৪,০৭,০৮৭/- টাকা, ২) উপজেলা পরিষদের প্রধান ফটক থেকে নবনির্মিত অডিটরিয়ম ও সম্প্রসারিত প্রশাসনিক ভবনের সামনে দিয়ে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন পর্যন্ত রাস্তা আরসিসিকরণ বাবদ ১৭,৩৮,৯৮০/- টাকা, ৩) উপজেলা পরিষদের পুরাতন ভবন মেরামত বাবদ ২,০০,০০০/- টাকা ও ৪) উপজেলা পরিষদের জন্য ক্রোকারিজ সামগ্রী ক্রয় বাবদ ৩,০০,০০০/- টাকা। এই প্রকল্প ৪টির টেন্ডার হয়ে গেছে বাস্তবায়নের কার্যক্রম চলমান। | প্রকল্প ৪টি বাস্তবায়নের প্রয়োজনীয় টেন্ডারের কার্যক্রমের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| | ৪.৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসঃ<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। তিনি জানান যে, VGF চাল সুন্দরভাবে বিতরণের বিষয়ে সহযোগিতার জন্য সকল ইউনিয়ন পরিষদের প্রশাসকসহ সংশ্লিষ্ট সকল কে ধন্যবাদ জানান। টিআর কাবিখার কাজ ঈদের পরে কার্যক্রম শুরু করা যাবে। ব্রীজে কাজ কয়েকটি দেখানো হয়েছে। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| | ৪.৮। উপজেলা সমাজসেবা অফিসঃ<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | ৪.৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসঃ<br>উপজেলা মাধ্যমিক কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | ৪.১০। উপজেলা শিক্ষা অফিসঃ<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। তিনি জানান সম্প্রতি খাদ্য বান্ধব কর্মসূচিতে তদারকি কর্মকর্তা বেশির ভাগই প্রাইমারী স্কুলের শিক্ষক। শিক্ষকদের একটা গ্রুপ আছে সেই গ্রুপে দেয়া হয়েছে। সংশ্লিষ্ট ডিলার তদারকি কর্মকর্তাকে জানাবে। | তালিকা হালনাগদ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| | ৪.১১। উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। VWB আবেদনের কার্যক্রম চলমান। এর সাথে সংশ্লিষ্ট ইউনিয়নের প্রশাসক ও ইউপি প্রশাসনিক কর্মকর্তাদের জানিয়ে দেয়া হবে। | সংশ্লিষ্ট ইউনিয়নের প্রশাসক ও ইউপি প্রশাসনিক কর্মকর্তাদের জানিয়ে ব্যবস্থা গ্রহণ করেন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| | ৪.১২। উপজেলা যুব উন্নয়ন অফিসঃ<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৪.১৩। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরঃ<br>উপসহকারী প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। তিনি জানান কমিউনিটি টয়লেট নির্মাণের প্রকল্প প্রস্তাবনার জন্য স্থান নির্বাচনের সম্ভব্য সাইড নির্ধারণ করার জন্য অধিদপ্তর থেকে পত্র পাওয়া গেছে। সাইড নির্ধারণের জন্য জনসমাগম স্থলে বিশেষত: হাট-বাজার, গ্রোথ সেন্টার,বিনোদন কেন্দ্র, ধর্মীয় উপাসনালয়, যানবাহন স্ট্যান্ড, সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান স্থান ঠিক রাখতে হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | অধিদপ্তরের পত্রের নির্দেশনা মোতাবেক কমিউনিটি টয়লেট নির্মাণের সাইড নির্বাচনের ব্যবস্থা করতে হবে বিশেষ করে হাট-বাজারকে অগ্রাধিকার দেওয়া যেতে পারে। | উপসহকারী প্রকৌশলী উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| | | ৪.১৪। উপজেলা সমবায় অফিসঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ৪.১৫। উপজেলা পল্লী উন্নয়ন অফিসঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ৪.১৬। উপজেলা পরিসংখ্যান অফিসঃ<br>উপজেলা পরিসংখ্যন অফিসের দ্বায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |

পরিশেষে সভাপতি অন্তর্বর্তী সরকার প্রধানের নির্দেশনা বাস্তবায়নে স্বীয় দায়িত্বের প্রতি অধিকতর আন্তরিক হওয়ার জন্য দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন। অত:পর সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/০৪/২৫
(এস.এম.মুস্তাফিজুর রহমান)
প্রশাসক
উপজেলা পরিষদ
বাগেরহাট সদর, বাগেরহাট।

উপজেলা পরিষদ
বাগেরহাট সদর, বাগেরহাট।

স্মারক নং-০৫.৪৪.০১০৮.০০০.০৬.০০২.২৩- ৬২৬/১ তারিখঃ ৩০ এপ্রিল ২০২৫ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:
০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, খুলনা।
০৩। জেলা প্রশাসক, বাগেরহাট।
০৪। প্রশাসক, উপজেলা পরিষদ, বাগেরহাট সদর, বাগেরহাট।
০৫। উপজেলা ........................................................ অফিসার (সকল), বাগেরহাট সদর, বাগেরহাট।
০৬। প্রশাসক/চেয়ারম্যান/ প্যানেল চেয়ারম্যান.................................... ইউপি(সকল) বাগেরহাট সদর, বাগেরহাট।
০৭। জনাব.........................................................................।
০৮। অফিস কপি।

৩০/৪/২৫
(এস.এম.মুস্তাফিজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
বাগেরহাট সদর, বাগেরহাট।

উপস্থিত সদস্য/কর্মকর্তাবৃন্দ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): পরিশিষ্ট-ক

০১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাগেরহাট সদর, বাগেরহাট।
০২। উপজেলা কৃষি কর্মকর্তা, বাগেরহাট সদর, বাগেরহাট।
০৩। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বাগেরহাট সদর, বাগেরহাট।
০৪। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বাগেরহাট সদর, বাগেরহাট
০৫। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাগেরহাট সদর, বাগেরহাট।
০৬। উপজেলা প্রকৌশলী, বাগেরহাট সদর,বাগেরহাট
০৭। উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাগেরহাট সদর, বাগেরহাট
০৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাগেরহাট সদর, বাগেরহাট

চলমান পাতা-৬

CamScanner

[illegible]। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাগেরহাট সদর, বাগেরহাট।
১০। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাগেরহাট সদর, বাগেরহাট
১১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাগেরহাট সদর, বাগেরহাট।
১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাগেরহাট সদর
১৩। উপজেলা সমবায় কর্মকর্তা, বাগেরহাট সদর, বাগেরহাট
১৪। উপজেলা বন কর্মকর্তা, বাগেরহাট সদর, বাগেরহাট
১৫। উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌঃ অধিদপ্তর, বাগেরহাট সদর, বাগেরহাট।
১৬। অফিসার ইন চার্জ, বাগেরহাট মডেল থানা।
১৭। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বাগেরহাট সদর।
১৮। উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, বাগেরহাট সদর
১৯। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বাগেরহাট সদর
২০। সিনিয়র সহকারী পরিচালক, বিএডিসি (বীজ), বাগেরহাট সদর
২১। শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বাগেরহাট সদর, বাগেরহাট।
২২। উপজেলা নির্বাচন কর্মকর্তা, বাগেরহাট সদর
২৩। উপজেলা আইসিটি অফিসার, বাগেরহাট
২৪। ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বাগেরহাট সদর
২৫। তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা-২ প্রকল্প, বাগেরহাট সদর, বাগেরহাট।
২৬। সহকারী প্রকৌশলী, পাউবো, বাগেরহাট সদর
২৭। সহকারী মহাব্যবস্থাপক, বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি
২৮। ইউডিএফ, বাগেরহাট সদর
২৯। প্রশাসক, কাড়াপাড়া ইউনিয়ন পরিষদ, বাগেরহাট সদর
৩০। প্রশাসক, বেমরতা ইউনিয়ন পরিষদ, বাগেরহাট সদর
৩১। প্রশাসক, বারুইপাড়া ইউনিয়ন পরিষদ, বাগেরহাট সদর
৩২। প্রশাসক, রাখালগাছি ইউনিয়ন পরিষদ, বাগেরহাট সদর
৩৩। প্রশাসক, বিষ্ণুপুর ইউনিয়ন পরিষদ, বাগেরহাট সদর
৩৪। প্রশাসক, যাত্রাপুর ইউনিয়ন পরিষদ, বাগেরহাট সদর
৩৫। প্রশাসক, ষাটগম্বুজ ইউনিয়ন পরিষদ, বাগেরহাট সদর

<u>অনুপস্থিত সদস্য/কর্মকর্তাবৃন্দ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

০১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাগেরহাট সদর, বাগেরহাট
০২। সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ), বাগেরহাট সদর, বাগেরহাট
০৩। সহকারী উপপরিদর্শক, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বাগেরহাট

CS CamScanner